

১৯/০৫/১৭  
১৯/০৫/১৭  
১৯/০৫/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

১৯

বিজ্ঞপ্তি


নং-৮০.০০.০০০০.২০০.৩৬.১৬৯.১৭-৮০৭

তারিখ : ১৪.১২.২০১৭ খ্রি.

বিষয়: ৩৮তম বিসিএস পরীক্ষা-২০১৭ এর প্রিলিমিনারি টেস্টে প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক নিযুক্তি প্রসংগে।

৩৮তম বিসিএস পরীক্ষা-২০১৭ এর প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে সরকারী কর্ম কমিশন কর্তৃক অনুমোদিত শ্রুতিলেখকসহ ২৯.১২.২০১৭ তারিখে অনুষ্ঠেয় প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, সরকারী কর্ম কমিশনের অনুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোনো ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে আনা হলে তা গ্রহণযোগ্য হবে না। শ্রুতিলেখক হিসেবে মনোনয়ন যোগ্য ব্যক্তিকে প্রতিবন্ধী প্রার্থীর চেয়ে নিম্ন ধাপের শিক্ষাগত যোগ্যতাধারী হতে হবে। প্রতিবন্ধী প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিগ্রি অর্জন করেছেন শ্রুতিলেখক সেই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী হতে পারবেন না।

২. শ্রুতিলেখক হিসেবে যিনি প্রতিবন্ধী প্রার্থীকে পরীক্ষায় সহায়তা প্রদান করবেন তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ, ৩কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যয়নরত থাকলে বা সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে তিনি অধ্যয়ন করেছেন সে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র /প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি এবং শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নসহ শ্রুতিলেখক নিযুক্তির জন্য আগামী ২১.১২.২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা এই ঠিকানায় দরখাস্ত পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে কোনো দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

  
[আ.ই.ম. নেহার উদ্দিন]  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকরির ক্ষেত্রে কোনোরূপ ভদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]